

- ৪। দাদা অনুপমের কৃপাগুণে, রসিক রে তোর
 বাঞ্ছা মনে, যদি রয় ।
 থাকলে সেই আকাঙ্ক্ষা, একদিন দেখা,
 পাবি তারে সুনিশ্চয় ॥
 ---রসিক বালা



৫৩ নং

তাল—একতাল

- কাঁচা প্রেম করিস্ না কেউ মোটে ।
 পাবি না আর কূল কিনারা, শেষে মরবি রে দম ফেটে ॥
- ১। কাঁচা প্রেম করছে যারা, সর্বস্ব হয়েছে হারা,
 পারের সম্বল দিচ্ছে লুটে ।
 পার করবে না পারের মাঝি, শেষে মরবি কপাল কুটে ॥
- ২। হরিচাঁদের পাকা প্রেমে, যে ডুবেছে কপাল ক্রমে,
 ভব বন্ধন গেছে কেটে ।
 সে প্রেম পেয়ে গোপাল সাধু, মরা জীয়ায় শ্মশান ঘাটে ॥
- ৩। অভয় বলে বিধি মতে, কামের গন্ধ আছে যাঁতে,
 সেঁত কাঁচা প্রেমই বটে ।
 হরিচাঁদ প্রেম কাম-গন্ধ হীন, তাঁতে যুগল রূপ দর্শন ঘটে ॥
 ---অভয়চরণ কবিরাজ

